

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৮০

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ দুইজন মুসলিম ব্যক্তির সংগোপনে কথা বলার ব্যাপারে হুশিয়ারী, যখন তাদের কাছে তৃতীয় কোন ব্যক্তি উপস্থিত থাকে

ذِكْرُ الزَّجْرِ عَنْ تَنَاجِيِ الْمُسْلِمِينَ وَبِحَضَرَتِهِمَا إِنْسَانٌ ثَالِثٌ

আরবী

أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا الْحَوْضِيُّ عَنْ شُعْبَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ قَالَ: كُنْتُ قَاعِدًا عِنْدَ ابْنِ عُمَرَ أَنَا وَرَجُلٌ آخَرُ فَجَاءَ رَجُلٌ يَكْلِمُهُ فَقَالَ لَهُمَا: اسْتَخِيَا قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا يَتَنَاجَى اثْنَانِ دُونَ وَاحِدٍ).

الراوي : عَبْدُ اللَّهِ بْنُ دِينَارٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 580 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৮০. আব্দুল্লাহ বিন দীনার বলেন, আমি এবং আরেকজন ব্যক্তি আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা কাছে বসে ছিলাম, তখন আরেকজন ব্যক্তি তাঁর কাছে আসেন এবং তাঁর সাথে কথা-বার্তা শুরু করেন। তখন আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা অপর দুইজনকে বলেন: “আপনারা একটু অবকাশ দিন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “একজনকে রেখে দুইজনে গোপন আলাপে লিপ্ত হবে না।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৭৯।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৪০২।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু দ্বিনার (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89047>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন